



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গোয়াইনঘাট, সিলেট  
gowainghat.sylhet.gov.bd



স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.১১.০০১.১৯. ২৪৯

তারিখ : ০৩/০৩/২০২৪ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ মোতাবেক সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহের গ্রাম পুলিশ (মহল্লাদার) এর শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।

ক্রম	ইউনিয়নের নাম	পদের নাম	শূন্য পদের সংখ্যা	ওয়ার্ড নং	বেতন স্কেল
০১	১নং বুস্তমপুর ইউপি	মহল্লাদার	০৪	০৩, ০৫, ০৮, ০৯	সরকার নির্ধারিত হারে বেতন-ভাতা প্রাপ্য হবেন।
০৩	৮নং তোয়াকুল ইউপি	মহল্লাদার	০১	০১	
০৪	১৩নং বিছনাকান্দি ইউপি	মহল্লাদার	০৭	০১, ০৩, ০৪, ০৫, ০৭, ০৮, ০৯	

আগ্রহী প্রার্থীগণকে নিম্নবর্ণিত শর্তস্বাপেক্ষে আগামী ৩১/০৩/২০২৪ খ্রি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, গ্রাম পুলিশ নিয়োগ কমিটি, গোয়াইনঘাট, সিলেট বরাবরে সরাসরি বা ডাকযোগে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলী :**

- ০১। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০২। প্রার্থীর বয়স ৩১/০৩/২০২৪ খ্রি: তারিখে ১৮ হতে ৩০ বছর ও মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে ৩২বছরের মধ্যে হতে হবে। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-১৪৯, তারিখ: ২২/০৯/২০২২ খ্রি. নির্দেশনা মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩০বছর (মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে ৩২) এর মধ্যে থাকলে আবেদন করা যাবে।
- ০৩। প্রার্থীর শারিরিক যোগ্যতা :
  - ক) উচ্চতা- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট ২ ইঞ্চি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫ ফুট।
  - খ) বুকের মাপ- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)
  - গ) ওজন- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম ৪৫ কেজি।
- ০৪। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম অষ্টম শ্রেণি পাস অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জেএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
- ০৫। প্রার্থীকে (ক) নাম, (খ) মাতার নাম, (গ) পিতা/স্বামীর নাম, (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (ঙ) শিক্ষাগত যোগ্যতা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স (৩১/০৩/২০২৪ তারিখে), (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) অভিজ্ঞতা(যদি থাকে) উল্লেখসহ লিখিত আবেদন দাখিল করতে হবে। কম্পিউটার কম্পোজ আবেদন গ্রহণযোগ্য।
- ০৬। আবেদনের সাথে ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তা কর্তৃক শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি, চারিত্রিক সনদপত্র, ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, ভোটার আইডি কার্ড, বিশেষ কোটার স্বপক্ষে প্রমানাদির সত্যায়িত কপি, সত্যায়িত ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৭। সরকার কর্তৃক সর্বশেষ জারীকৃত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ০৮। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিধিমালায় বর্ণিত যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।
- ০৯। প্রার্থীকে আবেদনের সাথে “উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট” বরাবরে ১০০/- (একশত টাকা) অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- ১০। নির্বাচনী/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণকে অবশ্যই দাখিলকৃত সকল প্রমানাদির মূলকপি প্রদর্শন করতে হবে।
- ১১। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১২। নির্বাচনী/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। নিয়োগ বিজ্ঞপ্তির সংশোধন, পরিমার্জন কিংবা বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



জাতীয় পুলিশ সার্ভিস কমিশন  
উপজেলা, গোয়াইনঘাট  
bd.gov.telrlyt.rtsrghsngiswog

সিদ্ধার্থ ভৌমিক

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

গ্রাম পুলিশ নিয়োগ কমিটি

গোয়াইনঘাট, সিলেট

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.১১.০০১.১৯. ২৪৯

তারিখ : ০৩/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমন্বয় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, সিলেট।

০৩। উপপরিচালক, স্থানীয় সরকার শাখা, সিলেট।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০১। সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট, সিলেট।

০২। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট (বিজ্ঞপ্তিটি বাংলাদেশ বেতার, সিলেট এর স্থানীয় সংবাদ ও বিশেষ বুলেটিন এর মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০৩। উপজেলা ..... কর্মকর্তা (সকল), গোয়াইনঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।

০৪। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, গোয়াইনঘাট, সিলেট।

০৫। চেয়ারম্যান, ..... ইউপি (সকল), গোয়াইনঘাট, সিলেট (ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ড, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারের দর্শনীয় স্থানে মাইকযোগে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ)।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..... ইউনিয়ন ভূমি অফিস (সকল), গোয়াইনঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।

০৭। সভাপতি, উপজেলা প্রেসক্লাব, গোয়াইনঘাট, সিলেট (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)।

০৮। জনাব, ..... , গোয়াইনঘাট, সিলেট।

০৯। অফিস কপি/মাস্টার কপি।

সিদ্ধার্থ ভৌমিক

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

গ্রাম পুলিশ নিয়োগ কমিটি

গোয়াইনঘাট, সিলেট